

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৫ (ভোকেশনাল-০১)  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)  
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪০.২৭.৮৮৩.২৬ : ৬৮২


তারিখঃ ০৭/০৫/২০২৬খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব ইফতেখার রহমান শান্ত মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মেহেরপুরে অফিস সহায়ক হিসেবে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ রয়েছে।

- ০২। আপনি জনাব ইফতেখার রহমান শান্ত ০৫/০৮/২০২৩ খ্রি: হতে অদ্যাবধি মোট ১০০৪ দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত প্রতিষ্ঠানে অনুপস্থিত আছেন। এ বিষয়ে প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক আপনাকে পত্র নং-১১৮৯, তারিখ-১৩/০৮/২০২৩ খ্রি: ১ম বার, পত্র নং-১২০৯, তারিখ-২৭/০৮/২০২৩ খ্রি: ২য় বার, পত্র নং-১২২৮, তারিখ-১৯/০৯/২০২৩ খ্রি: মোতাবেক ৩য় বার কৈফিয়ত তলব করা হলেও আপনার আচরণের কোনো পরিবর্তন হয়নি। আপনি অদ্যাবধি প্রেরিত কারণ দর্শানো নোটিশের কোনরূপ জবাব দাখিল করেননি।
- ০৩। আপনার এই দীর্ঘ সময়ে বিনা অনুমতিতে অনুপস্থিতির কারণে প্রতিষ্ঠানের দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রমে জটিলতা সৃষ্টি হচ্ছে।
- ০৪। আপনার এহেন কার্যকলাপ দায়িত্ব ও কর্তব্যে অবহেলার শামিল এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) মোতাবেক “অসদাচরণ” এবং বিধি ২(চ) মোতাবেক “পলায়ন” এর পর্যায়ভুক্ত অপরাধ।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক “অসদাচরণ” এবং ৩(গ) মোতাবেক “পলায়ন” এর দায়ে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
(প্রকৌশলী মোঃ রেজাউল হক)  
পরিচালক (ভোকেশনাল)

প্রাপক,

জনাব ইফতেখার রহমান শান্ত  
অফিস সহায়ক  
মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মেহেরপুর।

স্থায়ী ঠিকানা : জনাব ইফতেখার রহমান শান্ত  
প্রযত্নে : মোঃ আজিজুর রহমান  
গ্রাম : আলমপুর  
ডাকঘর : আলমপুর  
থানা ও জেলা: কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। পরিচালক (পিআইডব্লিউ/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
০২। অধ্যক্ষ, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মেহেরপুর।  
০৩। সহকারি পরিচালক-(সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।  
০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।